

RBI/2015-16/378

DBR.No.Leg.BC.93/09.07.005/2015-16

এপ্রিল 21, 2016

চেয়ারম্যান/আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্কসহ সকল তফশিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্কের নির্বাহী আধিকারিকগণ/  
লোকাল এরিয়া ব্যাঙ্ক

মাননীয় মহাশয়,

### সন্দেহজনক যোজনায় অর্থ জমা রাখার বিরুদ্ধে জনগণকে সাবধান করে ব্যাঙ্ক শাখাসমূহে জনমুখী প্রচার

এবিষয়ে আপনারা জ্ঞাত থাকতে পারেন যে সাম্প্রতিক কিছু বছরে এরকম ঘটনা ঘটেছে যেখানে বেশ কিছু অসাধু সংস্থা বিভিন্ন সন্দেহজনক যোজনা বানিয়ে সেগুলিতে আমানত/বিনিয়োগ ইত্যাদির মাধ্যমে ফান্ড সচল করার কথা বলে জনসাধারণকে প্রতারণিত করছে। বহুসময় এরকম যোজনাগুলি সামনে আনা হয় ভুসম্পত্তি সংক্রান্ত শিল্প, ফার্ম, এবং অন্যান্য মিশ্র প্রোডাক্টে বিনিয়োগ করার কথা বলে। যদিও, অব্যর্থভাবে ব্যাঙ্ক আমানতে বিনিয়োগ করে যেরকম অর্থফেরত পাওয়া যায় তার তুলনায় অনেক বেশী অর্থফেরতের প্রস্তাবের মাধ্যমে এরকম যোজনাগুলি সরলবিশ্বাসী সাধারণ মানুষকে প্রলুব্ধ করে।

2. এও আরবিআই-এর নজরে এসেছে যে গ্রাহকগণ টেলিফোনকল পাচ্ছে তাঁদের লটারি/পুরস্কার ইত্যাদি জেতার খবর নিয়ে এবং অজানা অ্যাকাউন্টে টাকা জমা করতে বলে, যারপর লটারির রাশি তাঁদের কাছে পাঠানোর অথবা তাঁরা যে অ্যাকাউন্টে বলবে সেই অ্যাকাউন্টে জমা করার কথা শোনানো হচ্ছে। এরকম প্রতারণামূলক সংবাদে বিশ্বাস করে নিজেদের অ্যাকাউন্ট সম্পর্কে বিশদে তথ্যপ্রকাশ করে ফেলার পাশাপাশি গ্রাহকগণ তাঁদের কাছে চাওয়া অর্থরাশি পাঠিয়েও দিচ্ছে।

3. আমরা মনে করি যে আর্থিক সাক্ষরতা না থাকা এবং প্রতারণামূলক যোজনা/ফোনকল সম্পর্কে সাবধানতার অভাবই হল প্রধান কারণ যার জন্য নির্দোষ গ্রাহকগণ এরকম যোজনাগুলির শিকার হন। এইসব কান্ডের মাধ্যমে যে কেবল সামগ্রিকভাবে জনগণের উপর প্রভাব পড়ে তা নয়, ব্যাঙ্কিং ক্ষেত্রেও এর বিরূপ প্রতিক্রিয়া পড়ে, যেহেতু যে অর্থরাশি এইসব অসাধু যোজনার মাধ্যমে অপব্যবহৃত হয় তার আদতপক্ষে ব্যাঙ্কিং ব্যবস্থায় এসে ব্যাঙ্কের আমানত-ভিত্তি মজবুত করতে যুক্ত হওয়ার কথা ছিল।

4. আরবিআই এরকম সন্দেহজনক যোজনা সম্পর্কে জনসাধারণকে সতর্ক করতে এবং সুরক্ষিত ও নিরাপদ আর্থিক বিনিয়োগ সম্বন্ধে জনসাধারণের মধ্যে সাক্ষরতা এবং সচেতনতা প্রসার করতে বিবিধ পদক্ষেপ গ্রহণ করছে। এই পরিপ্রেক্ষিতে মনে করা হচ্ছে যে বাণিজ্যিক ব্যাঙ্কের বিস্তারিত শাখা নেটওয়ার্ক আরবিআই-এর প্রয়াসে তাৎপর্যপূর্ণ অবদান রাখতে পারবে।

5. উপরোক্ত বিষয়গুলির দিকে খেয়াল রেখে, ব্যাঙ্কসমূহ তাদের নিজেদের স্বার্থে এবং জনগণের স্বার্থে তাদের গ্রাহক শিক্ষাবিস্তারের প্রয়াসার্থে লাগসই পোস্টার বা প্যামফ্লেট বা ফ্লায়ার অথবা নোটিশ-এর নকশা তৈরী করবে যার মধ্যে নিম্নলিখিত বার্তাগুলি অন্তর্ভুক্ত থাকবে:

- ই-মেল/ফোন/অন্য কোনও মাধ্যমের দ্বারা আগত অর্থপ্রাপ্তির অপ্রত্যাশিত(আনসিলিসিটেড)প্রস্তাবে কখনও সাড়া দেবেন না\*
- মূল্য আদায় না করে কেউ আপনাকে একটি পয়সাও দেবে না\*
- অধিক অর্থফেরতের প্রস্তাবকারী আপাতদৃষ্টিতে আকর্ষণীয় যোজনাগুলিতে বিনিয়োগের সময় বিশেষরূপে সতর্ক থাকুন\*
- অনিয়ন্ত্রিত(আনরেগুলেটেড) কোম্পানি/সংস্থায় বিনিয়োগ করবেন না\*
- ‘নিজে যাচাই করে দেখুন’-এই জাতীয় কোনও কথাবার্তার ভিত্তিতে ভরসা করবেন না\*
- অধিক অর্থফেরতের সম্ভাবনার অর্থ অধিক ঝুঁকিসম্পন্নতা যার মধ্যে সম্পূর্ণ অর্থরাশি খোয়া যাওয়ার সভাবনাও আছে- নিজের ঝুঁকি-খিদেকে(রিস্ক অ্যাপেটাইট)জানুন!\*
- নিজের অর্থের যত্ন নিন – অর্থ উপার্জন করা কঠিন কিন্তু হারানো সহজ\*
- সংশয় তৈরী হলে বিশ্বস্ত আর্থিক উপদেষ্টা সমেত যাচাই করে নিন\*

\*কোনও প্রকার স্পষ্টীকরণের জন্য, [www.rbi.org.in](http://www.rbi.org.in) বা [www.sebi.gov.in](http://www.sebi.gov.in)

অথবা [www.irda.gov.in](http://www.irda.gov.in) দেখুন

যেখানে প্রযোজ্য হবে সেখানেই, সহজে গ্রাহকদের নজরে আনতে এই বার্তাগুলি ব্যাঙ্ক শাখাগুলির মধ্যে প্রদর্শন অথবা বন্টন করতে হবে(রাজ্যের সরকারি ভাষায়)। যেহেতু ব্যাঙ্ক শাখা হল এরকম সুবিধাকেন্দ্র যেখানে জনগণ যাতায়াত করেন, এগুলি জনসাধারণের মধ্যে তথ্য প্রচার করার ক্ষেত্রে সহায়ক হবো ব্যাঙ্ক, অটোমেটেড টেলার মেশিন অথবা বাণিজ্য প্রতিনিধি কেন্দ্রসমূহ(বিজনেস করেস্পন্ডেন্ট পয়েন্ট)-এই স্থানগুলির কথাও বিবেচনা করবে যেগুলি বেশী সংখ্যক মানুষের চোখে পড়বে। এটা ব্যাঙ্কের পক্ষেও উপযোগী হবে যেহেতু তাদের গ্রাহকগণ এরকম যেকোন প্রতারণামূলক যোজনা/কল-এর থেকে সতর্ক এবং সজাগ হতে পারবে।

6. এই বিষয়টিতে বিশেষ জোর দেওয়া প্রয়োজন যে এইসকল পদক্ষেপগুলি কার্যকরী হতে গেলে দীর্ঘকাল ধরে ধারাবাহিকভাবে এর পিছনে লেগে থাকতে হবে এবং সেই কারণে ভূমিস্তরে কর্মরত ব্যক্তিদের এই বিষয়ে সংবেদনশীল করে তুলতে হবে। ব্যাঙ্ক শাখার কর্মচারীদেরকেও উৎসাহিত করতে হবে যাতে তাঁরা তাঁদের এলাকায় চলা কোনও সন্দেহজনক যোজনা সম্পর্কে অর্থপূর্ণ তথ্য (বাজারলব্ধ সংবাদ) তাদের আঞ্চলিক কার্যালয়কে প্রদান করে, আঞ্চলিক কার্যালয় আবার সেই তথ্যগুলি আরবিআই-এর আঞ্চলিক কার্যালয়কে প্রদান করবে।

7. আমরা সারকুলারটির প্রতিলিপি ইন্ডিয়ান ব্যাঙ্কস' অ্যাসোসিয়েশন-কেও প্রেরণ করছি যাতে উপরোক্ত বার্তাগুলি প্রচারের উদ্দেশ্যে একটা কমন ডিজাইন গড়ে তোলা যায় যা আলাদা আলাদা ব্যাঙ্কগুলি অবলম্বন/মুদ্রণ করতে এবং তারপর প্রদর্শন অথবা বন্টন করতে পারবে।

আপনার বিশ্বস্ত

(রাজিন্দর কুমার)

মুখ্য মহাপ্রবন্ধক